দৈনিক ইত্তেফাক

তারিখ 13 FEB 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

6।

# ইসলামী বিশ্ববিদ্যালয়
# ২৭ হাজার শিক্ষার্থী ভর্তির সুযোগ হইতে বঞ্চিত

ইসলামী বিশ্ববিদল্যালয় সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদনকারী ২৮ হাজার ছাত্র-ছাত্রীর মধ্যে মাত্র ৯০৫ জন ছাত্র-ছাত্রী চলতি শিক্ষা বর্ষে বিভিন্ন বিভাগে ভর্তির সুযোগ লাভ করিবে।

এ বছর বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের মোট ১৫টি বিভাগকে ৬টি ইউনিটে বিভক্ত করিয়া ভর্তি পরীক্ষা লওয়া হয়। মোট ৯০৫টি আসনের জন্য ২৮ হাজার ৫০২টি আবেদনপত্র বিক্রি হয়। জমা পড়ে ২৮ হাজার ১৫৭টি, বাতিল হয় ৪৬টি। ভর্তি পরীক্ষায় অংশ নিয়াছে প্রায় ২৮ হাজার ছাত্র-ছাত্রী। অর্থাৎ প্রতিটি আসনের জন্য ৩১ জন শিক্ষার্থীর মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হইতেছে। আইন বিভাগ নিয়া গঠিত 'ঙ' ইউনিটে সবচেয়ে বেশী প্রতিদ্বন্দ্বিতা হইতেছে। এই ইউনিটের প্রতিটি আসনের জন্য ৬৬ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করিতেছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চলতি

( ৭ম পৃঃ দ্রঃ )

## ইসলামী বিশ্ববিদ্যালয়

( ৩য় পৃঃ পর )

শিক্ষাবর্ষে নূতন চালুকৃত বিজ্ঞান অনুষদের ৩টি বিভাগে ৩০টি করিয়া ৯০টি, ইংরেজী বিভাগে ২০টি এবং বাকী ১১টি বিভাগে ৫টি করিয়া মোট ১৬৫টি আসন বৃদ্ধি করিয়াছে। ইহাছাড়া খেলোয়াড় কোটায় ২০ জন ছাত্র-ছাত্রী ভর্তির সিদ্ধান্ত লওয়া হইয়াছে। ছাত্রলীগ (শা পা) সাংস্কৃতিক কোটায় ছাত্রছাত্রী ভর্তির দাবী জানাইয়াছে। চলতি শিক্ষাবর্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ে রেকর্ড সংখ্যক আবেদনপত্র জমা পড়িয়াছে বলিয়া কর্তৃপক্ষের ধারণা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বছর ভর্তি ফরম বিক্রি করিয়া ২২ লক্ষ ৮০ হাজার ১৬০ টাকা আয় করিয়াছে।

এদিকে বেশ কিছু ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী যথাযথভাবে পূরণ করিয়া আবেদনপত্র জমা দিলেও প্রবেশপত্র না পাওয়ায় ভর্তি পরীক্ষায় অংশ লইতে পারে নাই বলিয়া অভিযোগ করিয়াছে। অতিরিক্ত চাপের কারণে এ সমস্যা হইয়াছে বলিয়া কয়েকটি ইউনিটের সমন্বয়কারী জানান। মার্চের মাঝামাঝি ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হইবে বলিয়া জানা গিয়াছে।